



কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/ Standing-1 /২০২১/

তারিখঃ

নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাইতেছে যে, আগামী ০৩/০৩/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১২:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

- আলোচ্য বিষয়সমূহঃ-১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২) যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা প্রসঙ্গে আলোচনা।
৩) বিবিধ।

(মো: নাসির উদ্দিন)

১নং ওয়ার্ড কাউন্সিলর

ও

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-----

সদস্য

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ২। সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
- ৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
- ৪। সংশ্লিষ্ট নথি।



কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স : ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখঃ, সময় :

ক্রঃনং	নাম	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব মো: নাসির উদ্দিন	সভাপতি	
০২	জনাব মোঃ কামাল হোসেন শেখ	সদস্য	
০৩	জনাব সালেহা বেগম	সদস্য	
০৪	জনাব রাবেয়া বেগম	সদস্য	
০৫	জনাব মো: আলম গাজী	সদস্য	



কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব নাসির উদ্দিন সরদার, কাউন্সিলর ০১ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া।
স্থান : কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ : ০৩/০৩/২০২১ খ্রিঃ
রোজ : বুধবার।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী
০১	জনাব মোঃ কামাল হোসেন শেখ	মেয়র, কোটালীপাড়া পৌরসভা।
০২	জনাব সালেহা বেগম	সংরক্ষিত কাউন্সিলর, ৪,৫,৬ নং ওয়ার্ড।
০৩	জনাব রাবেয়া বেগম	সংরক্ষিত কাউন্সিলর, ১,২,৩ নং ওয়ার্ড।
০৪	জনাব মো: আলম গাজী	কাউন্সিলর, ১ নং ওয়ার্ড।

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব নাসির উদ্দিন সরদার, কাউন্সিলর ০১ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যবিবরণী সকলের মধ্যে বিতরণ করা হয়।	
০২	যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা প্রসঙ্গে আলোচনা।	কাউন্সিলর ১নং ওয়ার্ড নাসির উদ্দিন সরদার বলেন- অত্র পৌর এলাকার নাগরিকগণের যোগাযোগের একমাত্র মাধ্যম হল সড়ক পথ। যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে দ্বায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। পাশাপাশি পৌর পরিষদের সার্বিক সহযোগিতা প্রদান করবে।	যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩	সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।		

(নাসির উদ্দিন সরদার)
সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

২। জনাব/জনাবা.....যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়

৩।

৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।